

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২. ইলম ও আলিমের মর্যাদা

بَابُ فِي فَضْلِ الْعِلْمِ وَالْعَالِمِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَزِيدَ، حَدَّثَنَا حَيْوَةُ، أَخْبَرَنَا شَرْحَبِيلُ بْنُ شَرِيكٍ، أَنَّهُ: سَمِعَ أَبَا عَبْدِ الرَّحْمَنِ الْحُبْلِيَّ يَقُولُ: «لَيْسَ هَدِيَّةٌ أَفْضَلُ مِنْ كَلِمَةٍ حِكْمَةٍ تُهْدِيهَا لِأَخِيكَ

إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

৩৬৩. শুরাহবীল ইবনু শারীক থেকে বর্ণিত, তিনি আবু আব্দুল্লাহ আল হুবুলী'কে বলতে শুনেছেন: হিকমাতপূর্ণ বা প্রজ্ঞাপূর্ণ কথা বলার চেয়ে উত্তম কোনো হাদিয়া নেই, যা তুমি তোমার কোনো ভাইকে হাদিয়া হিসেবে দিতে পারো।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: এটি আমি আর কোথাও পাইনি। তবে এর অনেক শাহিদ রয়েছে ইবনু উমার, ইবনু আস এর হাদীস যা বাইহাকী, শুয়াবুল ইমান নং ১৭৬৪ নং এ বর্ণনা করেছেন। আবু নুয়াইম আব্দুল্লাহ ইবনু আমর থেকে মারফু' হিসেবে যয়ীফ সনদে বর্ণনা করেছেন।

এছাড়া ইবনু খয়ের, ফাহারাসাত পৃ: ৮ ইবনু আব্বাসের হাদীসও এর শাহিদ হয়, এর সনদে এমন রাবী রয়েছে যাকে আমি চিনি না। দেখুন, মাকাসিদুল হাসানাহ নং ৯৩৮; কাশফুল খফা নং ২১৮২; শাজারাহ নং ৮০৪; আরও দেখুন তাবারানী, মু'জামুল কাবীর ১২/৪৩ নং ১২৪২০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69674>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন